জীবনের জন্য বিজ্ঞান
"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"
C:\Users\Shamima\Desktop\ASIF 2020\Anders\Letter Anders.docx

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং: ৩৯.৩০৭.০১৮.০০.০১.০৫৭.২০১৮/ ১২৯৮ তারিখ ০৪ .০৮.২০২০

বিষয় : করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিয়ন্ত্রণের মেয়াদ ৩১ আগষ্ট ২০২০ পর্যন্ত বর্ধিতকরণ

উর্পযুক্ত পত্রের ছায়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

কপি সংযুক্ত: (০১) এক পাতা।

০৪-০৮-২০২০
(বেনজীর আহাম্মেদ)
উপসচিব
ফোন-৯৬৭৬৩৪৮

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। পরিচালক, পিপি এন্ড পিডিসি, বিসিএসআইআর, ঢাকা।

০২। ভারপ্রাপ্ত পরিচালক, আইএমএমএম, খঞ্জনপুর, বিসিএসআইআর, জয়পুরহাট/ বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী/ ডিআরআইসিএম/ বিসিএসআইআর গবেষণাগার ঢাকা/ আইএফআরডি/ আইজিসিআরটি/ আইএফএসটি/ পিএন্ডডি, ঢাকা/ বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম/ আইএনএআরএস/ আইটিটিআই/ বিটিআরআই।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা।

০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা সেন্ট্রাল এ্যানালাইটিক্যাল এন্ড রিসার্চ ফেসিলিটিস (সিএআরএফ),বিসিএসআইআর, ঢাকা।

০৫। মেডিক্যাল কনসালট্যান্ট, বিসিএসআইআর, ঢাকা।

০৬। গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ঢাকা

০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা।

০৮। পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।

০৯। প্রিন্সিপ্যাল লাইব্রেরিয়ান, বিসিএসআইআর, ঢাকা।

১০। সিনিয়র ইন্ডাস্ট্রিয়াল লিয়াজোঁ অফিসার, গবেষণা ও উন্নয়ন বিভাগ, বিসিএসআইআর, ঢাকা।

১১। সম্পাদক/ জনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর, ঢাকা।

১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন- ১,২,৩,৪, সেবা শাখা, বিসিএসআইআর, ঢাকা।

১৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৪। একান্ত সহকারী, সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (বিঃও প্রঃ), সদস্য (উন্নয়ন), (সচিব) বিসিএসআইআর, ঢাকা (সদস্য ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১৪০

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭
০৩ আগস্ট ২০২০

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিয়ন্ত্রণের মেয়াদ ৩১ আগস্ট ২০২০ পর্যন্ত বর্ধিতকরণ

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার নিম্নলিখিত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিয়ন্ত্রণ আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. আগামী **৪ আগস্ট ২০২০ হতে ৩১ আগস্ট ২০২০ পর্যন্ত** এ নিয়ন্ত্রণ অব্যাহত থাকবে। সাপ্তাহিক ছুটি এ নিয়ন্ত্রণের অন্তর্ভুক্ত থাকবে;

২. রাত ১০:০০ টা হতে সকাল ৫:০০ টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ব্যতীত (প্রয়োজনীয় ক্রয়-বিক্রয়, কর্মস্থলে যাতায়াত, জরুরি পরিষেবা, ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) বাসস্থানের বাইরে আসা যাবে না;

৩. বাসস্থানের বাইরে সর্বাবস্থায় মাস্ক পরিধান করা, পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে। অন্যথায় আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪. হাটবাজার, দোকান-পাট ও শপিং মলে পারস্পরিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে। শপিংমলের প্রবেশমুখে তাপমাত্রা পরিমাপক যন্ত্র এবং হাত ধোয়ার ব্যবস্থাসহ স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে। শপিংমলে আগত যানবাহনসমূহকে অবশ্যই জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে। হাটবাজার, দোকান-পাট ও শপিং মল আবশ্যিকভাবে রাত ৮:০০ টার মধ্যে বন্ধ করতে হবে। পন্য/খাদ্য ক্রয়ে জনসাধারণকে ই-কমার্স সাইট ব্যবহারে উৎসাহিত করতে হবে;

৫. সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি অফিস, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানা ও সেবা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কতৃর্ক জারিকৃত স্বাস্থ্যবিধি প্রতিপালন করে খোলা থাকবে। ঝুঁকিপূর্ণ, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন;

৬. গণপরিবহনসহ সবধরণের যানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কতৃর্ক জারিকৃত স্বাস্থ্যবিধি প্রতিপালন করে চলাচল করবে;

৭. উক্ত নিয়ন্ত্রণকালে শিক্ষা প্রতিষ্ঠান, কোচিং সেন্টার বন্ধ রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

৮. উক্ত সময়ে সকল প্রকার সভা-সমাবেশ, গণজমায়েত ও অনুষ্ঠান আয়োজন বন্ধ থাকবে। ভার্চুয়াল উপস্থিতিতে অনুষ্ঠান আয়োজনে অগ্রাধিকার দিতে হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা প্রতিপালনপূর্বক মসজিদে জামায়াতে নামাজ আদায় ও অন্যান্য উপাসনালয়সমূহে প্রার্থনা পরিচালনা করা যাবে;

৯. স্বাস্থ্য অধিদপ্তর কতৃর্ক প্রণীত 'কোভিড-১৯ সংক্রমণ ঝুঁকি জোন ভিত্তিক সংযমন (Containment) ব্যবস্থা বাস্তবায়ন কৌশল/গাইড' অনুসরণ করে অধিকতর সংক্রমিত এলাকা নিয়ন্ত্রণ করতে হবে। সেখানে সর্বসাধারণের দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্যাদির সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিত করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর এ বিষয়ে সুস্পষ্ট অনুমোদন ও নির্দেশনা প্রদান করবে। সিটি কর্পোরেশন এলাকায় সিটি কর্পোরেশন এবং অন্যান্য এলাকায় জেলা প্রশাসন এ সংক্রান্ত কার্যাবলির সার্বিক সমন্বয় করবে; এবং

১০. কোভিড-১৯ এর বিস্তার রোধে স্থানীয় সরকার বিভাগ, তথ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগসহ জেলা ও উপজেলা প্রশাসন ব্যাপক প্রচারণা ও জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করবে।

০২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৮-২০২০
মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১৪০/১(৭৪)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭
০৩ আগস্ট ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে
১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) বিভাগীয় কমিশনার (সকল)